

অহৈতুকী ভক্তিমান ভক্ত আছে যারা।
 প্রেমের পিপাসু হ'য়ে আসিবেক তাঁরা।।
 সেই সঙ্গে হ'বে সুখে প্রেম আলাপন।
 দয়া করি বল নৈলে ত্যজিব জীবন।।
 প্রভু বলে 'দশরথ একি কথা কও।
 সংসারের রোগ কি উঠায় নিতে চাও।।
 কর্মক্ষেত্রে সংসারেতে কর্ম মহাবল।
 সকলেই পায় কর্ম অনুযায়ী ফল।।
 তবে তোর বাঞ্ছা হেতু দিব তোরে রোগ।
 বার বৎসরের পরে হ'বে তোর ভোগ।।'
 পাইয়া প্রভুর আঞ্জা হইল সন্তুষ্ট।
 বার বছরের পরে হ'ল তাঁর কুষ্ঠ।।
 ঠাকুর বলেন 'বাহা আর কি বা চাও।
 সংসার ছাড়িয়া এবে ভিক্ষা করি খাও।।'
 কত দিনে এইভাবে ভিক্ষায় প্রবৃত্তি।
 আঞ্জা মতে পরে নিল অযাচক বৃত্তি।।
 একদা ঠাকুর তাঁরে বলিল গোপনে।
 ভিক্ষার্থে বেড়াও বাছা যেই সেই স্থানে।।
 চাহিয়া কহিয়া ভিক্ষা কর না কখন।
 হেঁটে যেতে সেধে দিলে করিও গ্রহণ।।
 তাই লয়ে সন্ধ্যাকালে নৌকায় আসিও।
 তাহাই রন্ধন করি এক বেলা খেও।।
 বর্ষা আর শরৎ হেমন্ত গত হ'লে।
 পদব্রজে ভিক্ষা মেগে খাইও সকালে।।
 বেড়াইও পদব্রজে ভিক্ষার কারণে।
 যাচিয়া না নিয়ো কিছু অযাচিত দানে।।
 বাক্বন্ধ করিয়া থাকিয়া ছয় মাস।
 মরিলেও কিছু নাহি করিও প্রকাশ।।
 রাত্রিতে থাকিও এক গৃহস্থ আলয়ে।
 বাহিরে থাকিও এক কস্থা দিয়া গায়ে।।
 একমাত্র ডোর আর একটি কৌপিন।
 খুলিও না পরিয়া থাকিবা রাত্রিদিন।।

যে ডোর কৌপিন কস্থা করিবা ধারণ।
 অন্য বস্ত্র কস্থা না পরিবা কদাচন।।
 ছয় মাস গত হ'লে দিবসে বেড়াইও।
 ভাবের ভাবুক হ'লে তার বাড়ী যেও।।
 নিশিতে থাকিয়া তার সঙ্গে বল কথা।
 তাহা ভিন্ন অন্য কথা না কহিও কোথা।।"
 দশরথ বলে 'যাহা চাই দিলে তাই।'
 প্রভু বলে "আমি তোর বাসনা পুরাই।।
 তোর যে ভাবনা আছে বহুদিন হ'তে।
 ভাবিলে ভাবনা সিদ্ধি পারিলে ভাবিতে।।
 যে যাহা ভাবনা করে ঠাকুরের স্থান।
 অবশ্য অভীষ্টপূর্ণ করে ভগবান।।
 মোর ঠাই যেই ইচ্ছা করে যেইজন।
 আমি তা জানিতে পারি সকল কারণ।।
 যে যাহা প্রার্থনা করে এসে মম ঠাই।
 সেই গীত আমি তার সাথে সাথে গাই।।
 কর্মকর্তা ফল ভোগে না হ'য়ে কি যায়।
 সুকর্ম দুষ্কর্ম ফল অবশ্যই হয়।।
 তা না হ'লে ঈশ্বরের ব্যবস্থা থাকে না।
 কিন্তু দৈবে সাধুসঙ্গ পায় সেই জন।।
 তার কাটে কর্মসূত্র সাধুর কৃপায়।
 কর্মপাপমুক্ত সেই দৈবভাগ্যে হয়।।
 নিঃস্বার্থ ভাবেতে যেই পর উপকারী।
 অকামনা শুদ্ধ প্রেম তারে ব্যাখ্যা করি।।
 আত্মসুখে কর্ম করে তাকে বলে কাম।
 পরসুখে কর্ম করে ধরে প্রেমনাম।।
 মম কষ্ট ভেবে মম সুখের নিমিত্তে।
 তব ইচ্ছা সদা পর উপকার অর্থে।।
 "আলোচ্য সর্বশাস্ত্রাণি বিচার্য চ পুনঃ পুনঃ।
 ইদমেব সুনিষ্পতনং ধ্যেয়ো নারায়ণঃ সদা।।"
 ভাগবত তুমি তাহা জানিলাম সত্য।
 তোমার প্রেমেতে আমি হইনু বিক্রিত।।